

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন সচিবালয়
পরীক্ষা নিয়ন্ত্রকের দপ্তর
১৫, কলেজ রোড, ঢাকা-১০০০।

নং-১০.০৩.০০০০.০০৩.৩১.০০৩.১৭-০২

তারিখঃ ২৮ পৌষ, ১৪২৪ বঙ্গাব্দ।
১১ জানুয়ারি, ২০১৮ খ্রিস্টাব্দ।

বিজ্ঞপ্তি

১১শ বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস পরীক্ষা, ২০১৭-এর ৩১ ডিসেম্বর, ২০১৭ তারিখে প্রকাশিত ফলাফলে সাময়িকভাবে (Provisionally) উত্তীর্ণ ও মনোনীত ১৪৩ (একশত তেতাল্লিশ) জন প্রার্থীর মধ্যে কারিগরি ত্রুটির কারণে ২৩৫২ রোলনম্বরধারী প্রার্থী মোস্তাফিজুর রহমান মুক্তিযোদ্ধার সন্তান হিসেবে অন্তর্ভুক্ত হয়েছিল। প্রকৃতপক্ষে তিনি মুক্তিযোদ্ধার সন্তান না হওয়ায় সাময়িকভাবে মনোনীত তালিকা থেকে তাঁর নাম বাদ দেওয়া হল। ৭৮৬৫ রোলনম্বরধারী প্রার্থী সোহেল ভূইয়া মুক্তিযোদ্ধার সন্তান হওয়ায় সাময়িকভাবে মনোনীত তালিকায় তাঁর নাম অন্তর্ভুক্ত করা হলো। সংশোধিত ফলাফল তালিকাটি নিম্নরূপ হবে-

মেধাক্রম ১ থেকে ১৩৭ পর্যন্ত অপরিবর্তিত	
মেধাক্রম ১৩৮	রোল নং ৭৮৬৫
মেধাক্রম ১৩৯	রোল নং ৭৩৬০
মেধাক্রম ১৪০	রোল নং ৩৫১০
মেধাক্রম ১৪১ থেকে ১৪৩ পর্যন্ত অপরিবর্তিত	

২। কোনো প্রার্থী অসত্য তথ্য প্রদান বা তথ্য গোপন করলে বা তার যোগ্যতার ঘাটতি থাকলে বা আবেদনপত্রে অন্য কোনো গরমিল পরিলক্ষিত হলে তার মনোনয়ন বাতিল বলে গণ্য হবে।

৩। মুক্তিযোদ্ধার সন্তানদের চাকুরীতে নিয়োগসহ তাদের কোটা সংরক্ষণের জন্য মুক্তিযোদ্ধাগণের সনদ প্রত্যয়ন করা প্রয়োজন হয়। এতদবিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৯.০৫.২০১১ খ্রিঃ তারিখের পরিপত্র নং-০৫.১৭০.০২২.০৭.০১.০১৪.২০১১-১৮১ এর ২(ঘ) অনুচ্ছেদের নির্দেশনা অনুযায়ী ফলাফল প্রকাশের ক্ষেত্রে দীর্ঘসূত্রিতা পরিহারের উদ্দেশ্যে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধা সনদসমূহ যাচাই-বাছাইপূর্বক নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করবেন। মুক্তিযোদ্ধা সনদ যাচাইয়ে কোনো সনদ সঠিক প্রমাণিত না হলে মুক্তিযোদ্ধার সন্তান কোটায় মনোনীত প্রার্থীর মনোনয়ন বাতিল বলে গণ্য হবে।

৪। স্বাস্থ্য পরীক্ষার জন্য প্রার্থীদের উপস্থিতির স্থান ও তারিখ নির্ধারণপূর্বক যথাসময়ে দৈনিক পত্রিকা, কমিশনের নোটিশ বোর্ড ও ওয়েব সাইট (www.bjsc.gov.bd) এ বিজ্ঞপ্তি প্রচার করা হবে। স্বাস্থ্য পরীক্ষায় অথবা প্রাক-পরিচয় যাচাই প্রতিবেদনে (Police Verification) কোনো প্রার্থী অযোগ্য ঘোষিত/ বিবেচিত হলে ঐ প্রার্থীর মনোনয়ন বাতিল বলে গণ্য হবে।

৫। সুপারিশকৃত প্রার্থীগণের সাময়িক মনোনয়নকে নিয়োগপ্রাপ্তির অধিকার হিসেবে দাবী করা যাবে না।

৬। প্রকাশিত ফলাফলে কোনো ভুল-ত্রুটি পরিলক্ষিত হলে কমিশন তা সংশোধনের ক্ষমতা সংরক্ষণ করে।

কমিশনের আদেশক্রমে

(শেখ আশফাকুর রহমান)
পরীক্ষা নিয়ন্ত্রক